# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৪

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি নিজের জন্য যা পছন্দ করে, তার ভাইয়ের জন্য তা পছন্দ করে না- তার ঈমানকে নাকচ করা

ذِكْرُ نَفْيِ الْإِيمَانِ عَمَّنْ لَا يُحِبُّ لِأَخِيهِ مَا يُحِبُّ لِنَفْسِهِ

আরবী

أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذٍ الْعَنْبَرِيُّ قَالَ حَدَّثَنَا أَبِي قَالَ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "لَا يُؤْمِنُ أَحَدُكُمْ بِاللَّهِ حَتَّى يُحِبَّ لِأَخِيهِ مَا يُحِبُّ لِنَفْسِهِ".

الراوي : أَنَسِ بْنِ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 234 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৩৪. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি বলেছেন: “তোমাদের কেউ ততক্ষণ পর্যন্ত আল্লাহর প্রতি বিশ্বাসী হতে পারবে না, যতক্ষণ না সে তার ভাইয়ের জন্য তা-ই পছন্দ করবে, যা সে নিজের জন্য পছন্দ করে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৭৬; সহীহ মুসলিম: ৪৫; ইবনু মাজাহ: ৬৬; ইবনু মান্দাহ, আল ঈমান: ২৯৬; সহীহ আল বুখারী: ১৩; তিরমিযী: ২৫১৫; নাসাঈ: ৮/১২৫; দারেমী: ২/৩০৭; ইবনুল মুবারক, আয যুহদ: ৬৭৭; আবু আওয়ানা: ১/৩৩; আত তায়ালিসী: ২০০৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৭৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৭৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88533

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন